1672421/2021/NHM SEC(H&FW)

Government of West Bengal
Department of Health and Family Welfare
National Health Mission
Swasthya Sathi,
GN 29, Sector V, Salt Lake City,
Kolkata - 700091

**Memo No: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/** 1727 **Date:** 17/06/2021

**From:**
Mission Director, NHM &
Secretary to the Govt. of West Bengal

**To:**

1. District Magistrates - All districts
2. CMOHs - All districts (including Health Districts)

**Sub: Revised Comprehensive Incentive Package for ASHAs in FY 21-22**

Sir/Madam,

This is with reference to the implementation of ASHA programme in your districts. As per approval from MoHFW, GoI, certain modifications have been made in the revised comprehensive incentive package for ASHAs. A detailed guideline on the revised comprehensive incentive package for ASHAs is being issued in Bengali (copy enclosed) for further dissemination at all levels.

It may be noted that this guideline supersedes all other previous guidelines issued in this context. The said modification will be effective on and from 21st June, 2021.

Please ensure circulation and dissemination of this guideline up to the sub-centre level.

Yours faithfully,

Dr. Saumitra Mohan, IAS
**Mission Director, NHM &**
**Secretary to the Govt. of West Bengal**

Enclo: As above

**Memo No: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/** 1727-1(79) **Date:** 17/06/2021

**Copy forwarded for information and necessary action to:**

1. Jt. DHS, NCD - with a request to circulate copies to all concerned
2. SFWO & Jt. DHS - with a request to circulate copies to all members of SFWB
3. DDHS, Malaria - with a request to circulate copies to all concerned
4. DDHS, Leprosy & SLO - with a request to circulate copies to all concerned
5. ADHS, Food Safety
6. Sr. Accounts Officer, NHM

7-33. Deputy CMOH-III – All Districts

34-60. DPHNO - All Districts

61. Assistant Director, CINI STC

62-77. Secretary/Director, ______________________________ DTCs

78. In-charge, IT Cell for web posting

79. Office Copy for State ASHA Cell

Dr. Saumitra Mohan, IAS
**Mission Director, NHM &**
**Secretary to the Govt. of West Bengal**

1672421/2021/NHM SEC(H&FW)

পশ্চিমবঙ্গ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর
জাতীয় স্বাস্থ্য মিশন
স্বাস্থ্যসাথী
জিএন ২৯, সেক্টর-৫, সল্টলেক,
কলকাতা-৭০০০৯১

মেমো নং: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/ 1727 তারিখঃ 17/06/2021

## ASHA-দের জন্য অনুমোদিত উৎসাহ ভাতা সমূহ

বর্তমানে বিভিন্ন স্বাস্থ্য কর্মসূচীতে ASHA-দের ভূমিকা এবং ২০২১-২০২২ আর্থিক বছরে জাতীয় স্বাস্থ্য মিশনের অনুমোদন অনুসারে ASHA-দের উৎসাহ ভাতা পরিমার্জিত করে এই নির্দেশিকা জারি করা হল।

একজন ASHA কাজে যোগদানের পরে প্রথম পর্যায়ে আট দিনের প্রশিক্ষণ পাবেন। এর কিছুদিন পর তিনি ষষ্ঠ ও সপ্তম মডিউলের প্রথম রাউণ্ডের প্রশিক্ষণ পাবেন। এই পর্যায়ের প্রশিক্ষণ শেষে তিনি তার নির্দিষ্ট এলাকায় ফিরে গিয়ে উপভোক্তাদের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে শুরু করবেন।

একজন ASHA, মাতৃ ও শিশু স্বাস্থ্য এবং অন্যান্য জন স্বাস্থ্য বিষয়ক যে সকল কাজ করবেন অর্থাৎ, যে সকল কাজের ভিত্তিতে তার মাসিক উৎসাহ ভাতা নির্ধারিত হবে, সেই কাজগুলি হলঃ

### ক. মাতৃ ও শিশুস্বাস্থ্য সংক্রান্ত উৎসাহ ভাতাঃ

ক.১. একজন ASHA, বুধবার বাদে সপ্তাহের অন্যান্য দিনে, **গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে তার এলাকার উপভোক্তাদের সমবেত করবেন এবং নিজে সেখানে উপস্থিত থাকবেন**। এর জন্য তিনি মাসে **২০০/- টাকা** করে পাবেন। উপস্বাস্থ্যকেন্দ্রের মহিলা স্বাস্থ্যকর্মী (এ.এন.এম) **গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে ASHA-র** উপস্থিতি যাচাই করে নেবেন।

ক.২. একজন ASHA প্রতি বুধবারে উপস্বাস্থ্যকেন্দ্র খোলা থাকলে সেখানে উপস্থিত থাকবেন এবং তার নির্দিষ্ট এলাকারঃ

ক.২.১. ভিলেজ হেলথ রেজিষ্টার সাম্প্রতিকীকরণ করবেন এবং জন্ম ও মৃত্যুর সর্বজনীন নিবন্ধিকরণে সাহায্য করবেন। এর জন্য তিনি প্রতি বুধবার উপস্থিতি পিছু **৬০/- টাকা** করে পাবেন।

ক.২.২. ডিউ লিস্ট (Due List) বা যে শিশুদের টীকাকরণ বাকি আছে তাদের তালিকা তৈরী ও সাম্প্রতিকীকরণ করবেন। এর জন্য তিনি প্রতি বুধবার উপস্থিতি পিছু **৬০/- টাকা** করে পাবেন।

ক.২.৩. গর্ভবতী মহিলাদের তালিকা তৈরী ও সাম্প্রতিকীকরণ করবেন। এর জন্য তিনি প্রতি বুধবার উপস্থিতি পিছু **৬০/- টাকা** করে পাবেন।

ক.২.৪. সক্ষম দম্পতিদের তালিকা তৈরী ও সাম্প্রতিকীকরণ করবেন। এর জন্য তিনি প্রতি বুধবার উপস্থিতি পিছু **৬০/- টাকা** করে পাবেন।

উপরিল্লিখিত কাজগুলি, অর্থাৎ বুধবারে উপস্বাস্থ্যকেন্দ্রে উপস্থিত থেকে যে যে কাজগুলি করতে হবে, সেগুলির ক্ষেত্রে উপস্বাস্থ্যকেন্দ্রের মহিলা স্বাস্থ্যকর্মী (এ.এন.এম) **ASHA-র** বুধবারের উপস্থিতি এবং অনুপস্থিত থাকলে তার কারণ যাচাই

করে নেবেন। এক্ষেত্রে উল্লেখনীয় যে একজন ASHA তার মাসিক রিপোর্টের সময়সীমার মধ্যে একটির বেশী বুধবার উপস্বাস্থ্যকেন্দ্রে অনুপস্থিত থাকলে উল্লিখিত কাজগুলির জন্য কোন উৎসাহভাতা পাবেন না।

ক.৩. একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত হওয়ার যোগ্য প্রত্যেক গর্ভবতী মহিলাকে গর্ভাবস্থার ১২ সপ্তাহের মধ্যে উপস্বাস্থ্যকেন্দ্রে অথবা গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে এ.এন.এম-এর কাছে নাম নথিভুক্তকরণে ও জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত হতে সাহায্য করবেন। ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করা জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত একজন গর্ভবতী মহিলা সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা পেলে এবং তার প্রাতিষ্ঠানিক প্রসব হলে, ASHA ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্তকরণের জন্য **১০০/- টাকা** পাবেন।

ক.৪. একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত প্রত্যেক নথিভুক্ত গর্ভবতী মহিলা যাতে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা (ন্যূনতম *৪টি গর্ভকালীন পরীক্ষা, ১৮০টি আয়রন ও ফলিক অ্যাসিড বড়ি, টিটেনাস ডিপথেরিয়া ইনজেকশন* (*২টি অথবা বুস্টার), রক্ত পরীক্ষা, ও মূত্র পরীক্ষা*) পান সেটা সুনিশ্চিত করবেন। জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত যে সকল মহিলা ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করিয়েছিলেন, তাদের ক্ষেত্রে ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করতে পারলে, প্রতি মহিলা পিছু **২০০/- টাকা** করে পাবেন। ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে এই সম্পূর্ণ পরিষেবা প্রদান করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

যদি কোনো ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করানো গর্ভবতী মহিলা ৩য় *গর্ভকালীন পরীক্ষার* পরে তার এলাকা ছেড়ে অন্য কোনো ASHA-র এলাকায় চলে যান এবং সেখানে তার চতুর্থ *গর্ভকালীন পরীক্ষা* হয়, তাহলে যে ASHA-র সাহায্যে তিনি প্রথম তিনটি *গর্ভকালীন পরীক্ষা* করিয়েছিলেন সেই ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করবার জন্য নির্দিষ্ট উৎসাহভাতা পাবেন। এক্ষেত্রে প্রামাণ্য নথি থেকে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

ক.৫. একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত প্রত্যেক গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) গিয়ে ভর্তির ব্যবস্থা করবেন। এর জন্য তার সহায়তায় হওয়া প্রতি প্রাতিষ্ঠানিক প্রসব পিছু তিনি **৩০০/- টাকা** করে পাবেন। এ ক্ষেত্রে মনে রাখতে হবে,

১) এটি কেবলমাত্র সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) হওয়া প্রসবের ক্ষেত্রে প্রযোজ্য।

২) ডিসচার্জ সার্টিফিকেট বা অন্য কোনো প্রামাণ্য নথি থেকে প্রসব হয়েছে নিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৩) ASHA-র সঙ্গে আসা গর্ভবতী মহিলাকে অন্য কোনো স্বাস্থ্যকেন্দ্রে রেফার করা হলে ASHA-র তার সঙ্গে যাওয়া বাধ্যতামূলক নয়। সেই ক্ষেত্রে ASHA প্রথম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়ার প্রামাণ্য নথির (ফর্ম ৪) সঙ্গে সেই গর্ভবতী মহিলার সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) প্রাতিষ্ঠানিক প্রসব হয়েছে তার প্রামাণ্য নথি জমা দিলে তবেই এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৪) ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) গিয়ে ভর্তির ব্যবস্থা করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

**একজন ASHA যে সকল গর্ভবতী মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসবেন, তাদের অগ্রাধিকার দিতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।** যে সকল ক্ষেত্রে একজন ASHA গর্ভবতী মহিলাকে সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) নিয়ে এসে ভর্তি করবেন, সেই ক্ষেত্রে নির্দিষ্ট ফর্মের (ফর্ম ৪) চারটি কপিতেই গর্ভবতী মহিলার পরিবারের যে কোনো সদস্য এবং সেই স্বাস্থ্যকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক বা তার অনুমোদিত প্রতিনিধি স্বাক্ষর করবেন। তারপর সেই ফর্মের একটি কপি থাকবে সেই স্বাস্থ্যকেন্দ্রে, এবং বাকি তিনটি কপি ASHA-র মাসিক রিপোর্টের তিনটি কপির সঙ্গে সংযুক্ত হবে।

ক.৬. একজন ASHA একজন প্রসূতি মা ও নবজাতককে জন্মের পর থেকে ৪২ দিন পর্যন্ত ন্যূনতম বাড়িতে প্রসবের ক্ষেত্রে ১ম, ৩য়, ৭তম, ১৪তম, ২১তম, ২৮তম এবং ৪২তম দিনে, এবং প্রাতিষ্ঠানিক (সরকারী বা বেসরকারী স্বাস্থ্যকেন্দ্রে) প্রসবের ক্ষেত্রে ৩য়, ৭তম, ১৪তম, ২১তম, ২৮তম এবং ৪২তম দিনে দেখতে যাবেন। **বাড়িতে প্রসবের ক্ষেত্রে একজন ASHA অবশ্যই প্রসবের ২৪ ঘণ্টার মধ্যে নবজাতক কেমন আছে দেখতে যাবেন এবং প্রসব পরবর্তী পরামর্শ দেবেন।** একই সঙ্গে নবজাতকের জন্ম ওজন নেওয়ার দায়িত্বেও থাকবেন তিনি।

ASHA তার **এলাকার সমস্ত শিশুদের জন্মের খবর** উপস্বাস্থ্যকেন্দ্রে এ.এন.এম-কে বুধবারে বা তৃতীয় শনিবারের মিটিং-এ জানাবেন।

ASHA বাড়িতে প্রসবের ক্ষেত্রে ১ম, ৩য়, ৭তম, ১৪তম দিনে এবং প্রাতিষ্ঠানিক প্রসবের ক্ষেত্রে ৩য়, ৭তম, ১৪তম দিনে প্রসূতি মা ও নবজাতককে দেখতে গেলে এবং ১৪ দিন পর্যন্ত প্রসূতি মা ও নবজাতক উভয়েই জীবিত থাকলে তিনি **১৭৫/- টাকা** পাবেন।

ASHA জন্মের পর ২১তম, ২৮তম, ৪২তম দিনে প্রসূতি মা ও নবজাতককে দেখতে গেলে এবং ৪২ দিন পর্যন্ত প্রসূতি মা ও নবজাতক উভয়েই জীবিত থাকলে তিনি **৭৫/- টাকা** পাবেন।

প্রাতিষ্ঠানিক প্রসবের পর এস.এন.সি.ইউ-তে স্থানান্তরিত একটি নবজাতক যেদিন ছাড়া পাবে সেই দিনটি তার ক্ষেত্রে **১ম** দিন হিসেবে গণ্য হবে। নবজাতকটি ছাড়া পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যে ASHA তাকে বাড়িতে দেখতে যাবেন এবং যথাক্রমে ছাড়া পাওয়ার দিন থেকে ৩য়, ৭তম, ১৪তম দিনে প্রসূতি মা ও নবজাতককে দেখতে গেলে এবং ১৪ দিন পর্যন্ত প্রসূতি মা ও নবজাতক উভয়েই জীবিত থাকলে তিনি **১৭৫/- টাকা** পাবেন। এর পর এস.এন.সি.ইউ থেকে ছাড়া পাওয়ার দিন থেকে ২১তম, ২৮তম, ৪২তম দিনে প্রসূতি মা ও নবজাতককে দেখতে গেলে এবং ৪২ দিন পর্যন্ত প্রসূতি মা ও নবজাতক উভয়েই জীবিত থাকলে তিনি **৭৫/- টাকা** পাবেন।

এ প্রসঙ্গে উল্লেখনীয় যে **একমাত্র নির্দিষ্ট ন্যূনতম দিনগুলিতেই [প্রাতিষ্ঠানিক প্রসবের ক্ষেত্রে (প্রসবের পর এস.এন.সি.ইউ-তে স্থানান্তরিত নবজাতক ব্যতীত) প্রসূতি মা ও নবজাতক বাড়ি ফেরার পর যে কটি দিন প্রযোজ্য] প্রসূতি মা ও নবজাতককে দেখতে গেলে এবং নির্দিষ্ট ফর্ম (ফর্ম ৬) সঠিকভাবে ভর্তি করে সময়মতো মাসিক রিপোর্ট জমা দেওয়ার দিন এ.এন.এম-কে দিয়ে যথার্থতা যাচাই করিয়ে নিলে তবেই** তিনি এই উৎসাহ ভাতার জন্য বিবেচিত হবেন। যদি একটির বেশি নবজাতক থাকে, যেমন যমজ বা তিনটি নবজাতক, সে ক্ষেত্রে ASHA নবজাতক প্রতি উৎসাহ ভাতা পাবেন। ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো প্রসূতি মহিলাকে এই সম্পূর্ণ পরিষেবা প্রদান করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

ক.৭. এস.এন.সি.ইউ থেকে ছাড়া পাওয়া প্রতিটি নবজাতককে একজন ASHA এক বছর বয়স অবধি প্রয়োজন অনুযায়ী **(অন্ততঃপক্ষে তৃতীয় মাসের শেষে একবার, ষষ্ঠ মাসের শেষে একবার, নবম মাসের শেষে একবার, ও দ্বাদশ মাসের শেষে একবার)** বাড়িতে দেখতে যাবেন। এর জন্য তিনি শিশু পিছু প্রতি তিন মাসে **৫০/- টাকা** করে পাবেন।
এ প্রসঙ্গে উল্লেখনীয় যে **নিয়মানুযায়ী অন্ততঃপক্ষে তৃতীয়, ষষ্ঠ, নবম, ও দ্বাদশ মাসের শেষে এক বার করে শিশুটিকে বাড়িতে দেখতে গেলে এবং নির্দিষ্ট ফর্ম (ফর্ম ৬) সঠিকভাবে ভর্তি করে সময়মতো মাসিক রিপোর্ট জমা দেওয়ার দিন এ.এন.এম-কে দিয়ে যথার্থতা যাচাই করিয়ে নিলে তবেই** তিনি এই উৎসাহ ভাতার জন্য বিবেচিত হবেন।

ক.৮. একজন ASHA উপস্বাস্থ্যকেন্দ্রে টীকাকরণের দিন এবং গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে টীকা নেওয়ার জন্য শিশুদের সমবেত করবেন। যদি কোন শিশু জন্মের এক বছরের মধ্যে নির্দিষ্ট সমস্ত টীকা (টীকাকরণের সরকারী নির্দেশিকা অনুযায়ী) ঠিক ঠিক সময়ে নেয়, তাহলে সেই সব ক্ষেত্রে প্রতি শিশু পিছু একজন ASHA **১০০/- টাকা** করে পাবেন।

ক.৯. জন্মের এক বছরের মধ্যে নির্দিষ্ট সমস্ত টীকা ঠিক সময়ে নেওয়া প্রতিটি শিশু যাতে এক বছর থেকে দুই বছরের মধ্যে নির্দিষ্ট সমস্ত টীকা (টীকাকরণের সরকারী নির্দেশিকা অনুযায়ী) ঠিক ঠিক সময়ে নেয় তা একজন ASHA নিশ্চিত করবেন। যদি জন্মের এক বছরের মধ্যে সম্পূর্ণ টীকাকরণ হওয়া কোন শিশু এক থেকে দুই বছরের মধ্যে নির্দিষ্ট সমস্ত টীকা ঠিক ঠিক সময়ে নেয়, তাহলে সেই সব ক্ষেত্রে প্রতি শিশু পিছু একজন ASHA **৭৫/- টাকা** করে পাবেন।

ক.১০. ছোট শিশুদের গৃহভিত্তিক যত্ন কর্মসূচি (HBYC) অনুযায়ী ASHA ৪২ দিনের পরে ছোট শিশুদের জন্য আরও ৫ বার গৃহপরিদর্শন করবেন - যথাক্রমে শিশুদের ৩ মাস, ৬ মাস, ৯ মাস, ১২ মাস এবং ১৫ মাস সম্পূর্ণ হলে। সঠিক সময়ে পাঁচটি অতিরিক্ত গৃহপরিদর্শন সম্পূর্ণ করে নির্দেশিকা অনুযায়ী HBYC কার্ড ভর্তি করলে এবং MCP কার্ড-এর প্রযোজ্য অংশে বয়স ভিত্তিক করণীয় কাজগুলি লিপিবদ্ধ করলে একজন ASHA **২৫০/- টাকা** পাবেন। যদি একটির বেশি শিশু থাকে, যেমন যমজ বা তিনটি শিশু, সে ক্ষেত্রে ASHA শিশু প্রতি উৎসাহ ভাতা পাবেন।

**এই উৎসাহ ভাতা কেবলমাত্র যে ব্লকগুলিতে ASHA-দের ছোট শিশুদের গৃহভিত্তিক যত্ন কর্মসূচি (HBYC) সংক্রান্ত নির্দিষ্ট পাঁচ দিনের প্রশিক্ষণ শেষ হয়েছে, সেখানে সংশ্লিষ্ট বিভাগের অনুমতি সাপেক্ষে প্রযোজ্য হবে। সেই সব ব্লকগুলির ASHA-দের** ক্ষেত্রে **ক.৭-এ উল্লিখিত কাজটি প্রযোজ্য হবে না। সেটি এই কর্মসূচির অন্তর্গত হিসেবেই গণ্য হবে।**

ক.১১. প্রতিটি শিশু যাতে পাঁচ বছর থেকে ছয় বছরের মধ্যে ডি.পি.টি বুস্টার টীকা নেয় তা একজন ASHA নিশ্চিত করবেন। এর জন্য প্রতিটি নিয়মমাফিক ডি.পি.টি বুস্টার টীকা গ্রহণকারী শিশু পিছু একজন ASHA **৫০/- টাকা** করে পাবেন।

ক.১২. ন্যাশনাল আয়রন প্লাস ইনিশিয়েটিভ কর্মসূচীর নির্দেশিকা অনুসারে একজন ASHA তার এলাকার প্রতিটি যোগ্য শিশুকে (৬ থেকে ৬০ মাস পর্যন্ত) বাড়ি গিয়ে প্রতি সপ্তাহে দুটি নির্দিষ্ট দিনে আয়রন ও ফলিক অ্যাসিড (IFA) সিরাপের সঠিক মাত্রা হয় নিজে খাওয়াবেন অথবা সরাসরি নিজের নজরদারিতে খাওয়ানো সুনিশ্চিত করবেন। এর সঙ্গে সঙ্গে তিনি উপরোল্লিখিত নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সমস্ত নথি ভর্তি/সাম্প্রতিকীকরণ করবেন এবং একটি মাসিক রিপোর্ট তৈরী করে এ.এন.এম-এর কাছে জমা দেবেন।

একজন ASHA, তার এলাকায় যতগুলি যোগ্য শিশু (৬ থেকে ৬০ মাস পর্যন্ত) রয়েছে তার ন্যূনতম ৯০% শিশুকে মাসে ৮ থেকে ১০ বার (প্রতি সপ্তাহে দুই দিন হিসাবে) আয়রন ও ফলিক অ্যাসিড (IFA) সিরাপ খাওয়ালে বা সরাসরি নিজের নজরদারিতে খাওয়ানো সুনিশ্চিত করলে, সংশ্লিষ্ট সমস্ত নথি ভর্তি/সাম্প্রতিকীকরণ করলে, এবং মাসিক রিপোর্ট এ.এন.এম-এর কাছে সময়মত জমা দিলে, তবেই মাসে **১০০/- টাকা** পাবেন।

ক.১৩. একজন ASHA গর্ভপাত সংক্রান্ত যে পরিষেবা দেবেন, তা হলঃ

১) গর্ভপাত (সার্জিকাল পদ্ধতি) – ASHA পরিকল্পিত গর্ভপাতে (এম.টি.পি) ইচ্ছুক গর্ভবতী মহিলাকে, সুরক্ষিত গর্ভপাতের পরিষেবা পাওয়া যায় এমন নিকটতম সরকারী স্বাস্থ্যকেন্দ্রে সঙ্গে করে নিয়ে যাবেন। সেখানে প্রশিক্ষিত মেডিক্যাল অফিসার দ্বারা গর্ভপাতের পর, স্বাস্থ্যকেন্দ্র থেকে বেরোবার আগে, ASHA সুনিশ্চিত করবেন যে মহিলাটি যে কোন গর্ভপাত পরবর্তী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি, যেমন কন্ডোম, জন্মনিয়ন্ত্রক খাবার বড়ি, বা আই.ইউ.সি.ডি গ্রহণ করেছেন। এরপর ASHA মহিলাকে বাড়ি পৌঁছে দেবেন এবং অবশ্যই পরের দিন দেখতে যাবেন। ASHA একমাত্র সংশ্লিষ্ট এ.এন.এম-কে বিষয়টি জানাবেন এবং অন্যথায় সম্পূর্ণ গোপনীয়তা বজায় রাখবেন।

২) গর্ভপাত (মেডিক্যাল পদ্ধতি) – ASHA মেডিক্যাল পদ্ধতিতে গর্ভপাতে (এম.এম.এ) ইচ্ছুক গর্ভবতী মহিলাকে, সুরক্ষিত গর্ভপাতের পরিষেবা পাওয়া যায় এমন নিকটতম সরকারী স্বাস্থ্যকেন্দ্রে সঙ্গে করে নিয়ে যাবেন। এইদিন মেডিক্যাল অফিসার মহিলাকে মেডিক্যাল পদ্ধতিতে গর্ভপাতের পরামর্শ দেবেন এবং মহিলা মিফেপ্রিস্টোন (২০০ এম.জি.) এর একটি ট্যাবলেট স্বাস্থ্যকেন্দ্রেই সরাসরি নজরদারীতে খাবেন। এটি মহিলার প্রথম ভিজিট হিসেবে গণ্য হবে। এর দুই দিন বাদে, অর্থাৎ ৩য় দিনে, ASHA মহিলাকে সঙ্গে করে আবার সেই স্বাস্থ্যকেন্দ্রে মেডিক্যাল অফিসারের কাছে "দ্বিতীয় ভিজিট"-এ নিয়ে যাবেন। সেখানে মহিলাকে সরাসরি নজরদারীতে মিসোপ্রোস্টল (২০০ এম.জি.) এর দুটি ট্যাবলেট দেওয়া হবে এবং চার ঘন্টা পর্যবেক্ষণে রেখে, নাড়ীর গতি, ব্লাড প্রেশার, গর্ভপাত হয়ে গেলে রক্তক্ষরণ শুরুর সময় এবং গর্ভপাতের সময়, এবং ওষুধের কোন পার্শ্বপ্রতিক্রিয়া আছে কিনা, সেদিকে লক্ষ্য রাখা হবে। কোন সমস্যা না থাকলে এরপর ASHA মহিলাকে বাড়ি পৌঁছে দেবেন এবং মহিলার সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখবেন যাতে এই গর্ভপাতের প্রক্রিয়ায় কোন বিপদের লক্ষণ দেখলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন। অবশেষে, প্রথম ভিজিটের ১৪ দিন বাদে, অর্থাৎ ১৫তম দিনে ASHA মহিলাকে সঙ্গে করে আবার সেই স্বাস্থ্যকেন্দ্রে মেডিক্যাল অফিসারের কাছে "তৃতীয় ভিজিট"-এ নিয়ে যাবেন। সেখানে মেডিক্যাল অফিসার মহিলাকে পরীক্ষা করবেন গর্ভপাতের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে কিনা নিশ্চিত হওয়ার জন্য। এরপর ASHA মহিলাকে বাড়ি পৌঁছে দেবেন। এক্ষেত্রেও ASHA একমাত্র সংশ্লিষ্ট এ.এন.এম-কে বিষয়টি জানাবেন এবং অন্যথায় সম্পূর্ণ গোপনীয়তা বজায় রাখবেন।

উভয় ক্ষেত্রেই নির্দিষ্ট ফর্মের (ফর্ম ৫) চারটি কপিতেই গর্ভবতী মহিলার এবং সেই স্বাস্থ্যকেন্দ্রের সংশ্লিষ্ট মেডিক্যাল অফিসার স্বাক্ষর করবেন। তারপর সেই ফর্মের একটি কপি থাকবে সেই স্বাস্থ্যকেন্দ্রে, এবং বাকি তিনটি কপি **ASHA-র** মাসিক রিপোর্টের তিনটি কপির সঙ্গে সংযুক্ত হবে। **ASHA নিয়মমাফিক এই পরিষেবা প্রদান করলে এবং নির্দিষ্ট ফর্ম (ফর্ম ৫) সময়মতো মাসিক রিপোর্টের সঙ্গে এ.এন.এম কে জমা দিলে প্রতি মহিলা পিছু ১০০/- টাকা করে পাবেন।**

ক.১৪. একজন ASHA যদি সক্ষম দম্পতিদের ক্ষেত্রে বিয়ের দিন থেকে দুই বছর পর্যন্ত গর্ভধারণ বিলম্বিত করতে পারেন, তাহলে তিনি প্রতি সক্ষম দম্পতি পিছু উৎসাহদাতা হিসাবে **৫০০/- টাকা** করে পাবেন। **এই উৎসাহ ভাতা পাওয়ার জন্য বিয়ের সরকারী নিবন্ধিকরণের প্রমাণ হিসাবে যথাযোগ্য শংসাপত্রের প্রতিলিপি সময়মতো মাসিক রিপোর্টের সঙ্গে জমা দিতে হবে যার সাহায্যে এ.এন.এম রিপোর্টের তথ্য যাচাই করে নেবেন।**

ক.১৫. একজন ASHA উপভোক্তাকে (প্রসূতি মহিলাকে) প্রয়োজন অনুযায়ী পি.পি.আই.ইউ.সি.ডি. গ্রহণের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাবেন বা যেতে সাহায্য করবেন। এর জন্য তিনি প্রতি পি.পি.আই.ইউ.সি.ডি. গ্রহণকারী পিছু **১৫০/- টাকা** করে পাবেন।

**ফর্ম ৭-এর এই সংক্রান্ত তথ্য এ.এন.এম যাচাই করে নেবেন।**

ক.১৬. একজন ASHA স্বতঃস্ফূর্ত গর্ভপাত বা সার্জিকাল পদ্ধতিতে গর্ভপাত হওয়া উপভোক্তাকে প্রয়োজন অনুযায়ী পি.এ.আই.ইউ.সি.ডি গ্রহণের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাবেন বা যেতে সাহায্য করবেন। এর জন্য তিনি প্রতি পি.এ.আই.ইউ.সি.ডি গ্রহণকারী পিছু **১৫০/- টাকা** করে পাবেন।

**ফর্ম ৭-এর এই সংক্রান্ত তথ্য এ.এন.এম যাচাই করে নেবেন।**

**খ. জনস্বাস্থ্য কর্মসূচী সংক্রান্ত ও অন্যান্য উৎসাহ ভাতাঃ**

একজন ASHA মা ও শিশু স্বাস্থ্য ছাড়াও জনস্বাস্থ্য বিষয়ক কর্মসূচীতে নিয়মিত অংশগ্রহণ করবেন এবং তার জন্য নিম্নলিখিত উৎসাহ ভাতা পাবেনঃ

খ.১. **জাতীয় কুষ্ঠ নিবারণ কর্মসূচী (NLEP):** একজন ASHA সম্ভাব্য কুষ্ঠ রোগীকে চিহ্নিত করে নির্দিষ্ট পরীক্ষার জন্য রেফার করবেন। একজন ASHA-র দ্বারা রেফার হওয়া কোন সম্ভাব্য কুষ্ঠ রোগীকে নির্দিষ্ট পরীক্ষার পর চিকিৎসার জন্য নথিভুক্ত করা হলে,

১) চাক্ষুষ অঙ্গবিকৃতি নেই এমন প্রতিটি রোগীর নথিভুক্তকরণের জন্য ASHA **২৫০/- টাকা** করে পাবেন।

২) চাক্ষুষ অঙ্গবিকৃতি আছে এমন প্রতিটি রোগীর নথিভুক্তকরণের জন্য ASHA **২০০/- টাকা** করে পাবেন।

সেইসব নথিভুক্ত রোগীদের চিকিৎসা সম্পূর্ণ হলে প্রতি পি.বি. (P.B.) কুষ্ঠ রোগী পিছু ASHA **৪০০/- টাকা** করে পাবেন, এবং প্রতি এম.বি. (M.B.) কুষ্ঠ রোগী পিছু ASHA **৬০০/- টাকা** করে পাবেন।

খ.২. **জাতীয় বাহক সংক্রমিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী (NVBDCP):**

খ.২.১. একজন ASHA ম্যালেরিয়া সংক্রান্ত নিম্নলিখিত কাজের জন্য উৎসাহ ভাতা পাবেনঃ

খ.২.১.১ রক্তের স্লাইড প্রস্তুত করা বা র‍্যাপিড ডায়াগ্নষ্টিক টেষ্ট (Rapid Diagnostic Test) করার জন্য একজন ASHA প্রতি ক্ষেত্রে **১৫/- টাকা** করে পাবেন। একজন ASHA এক মাসে সর্বোচ্চ কটি রক্তের স্লাইড প্রস্তুত করতে পারবেন বা র‍্যাপিড ডায়াগ্নষ্টিক টেষ্ট করতে পারেন, সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের নিয়মাবলী অনুসরণ করুন।

খ.২.১.২. রক্তের স্লাইডে / র‍্যাপিড ডায়াগ্নষ্টিক টেষ্টে (Rapid Diagnostic Test) যাদের রক্তে *প্লাসমোডিয়াম ফ্যাল্‌সিপেরাম (pf)* বা *প্লাসমোডিয়াম ভাইভাক্স (pv)* পাওয়া গেছে তাদের জন্য নির্দিষ্ট ওষুধ বিধি অনুযায়ী সম্পূর্ণ চিকিৎসার ব্যবস্থা করার জন্য একজন ASHA প্রতি চিকিৎসা সম্পূর্ণ হওয়া রোগী পিছু **৭৫/- টাকা** করে পাবেন।

খ.২.২. ASHA যাদেরকে কালাজ্বরে আক্রান্ত সন্দেহে রেফার করবেন, তাদের মধ্যে যতজন কালাজ্বর নিশ্চিতভাবে প্রতিপন্ন হওয়ার পর সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানে ভর্তি হয়ে চিকিৎসা সম্পূর্ণ করবেন, তাদের জন্য ASHA প্রতি ক্ষেত্রে **৫০০/- টাকা** করে পাবেন।

**এই উৎসাহ ভাতা কেবলমাত্র যে জেলাগুলিতে/স্বাস্থ্যজেলাগুলিতে কালাজ্বরের প্রকোপ আছে, অর্থাৎ দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা পরিষদ), কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, বীরভূম, রামপুরহাট, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, দক্ষিণ চব্বিশ পরগণা ও নদীয়ার ক্ষেত্রে প্রযোজ্য।**

খ.২.৩. ASHA যাদেরকে অ্যাকিউট এন্‌সেফেলাইটিস সিন্‌ড্রোম (Acute Encephalitis Syndrome) বা জাপানী এন্‌সেফেলাইটিস (Japanese Encephalitis) সন্দেহে রেফার করবেন, তাদের মধ্যে যতজনের ক্ষেত্রে অ্যাকিউট এন্‌সেফেলাইটিস সিন্‌ড্রোম বা জাপানী এন্‌সেফেলাইটিস নিশ্চিতভাবে প্রতিপন্ন হবে, তাদের জন্য ASHA প্রতি রোগী পিছু **৩০০/- টাকা** করে পাবেন।

খ.৩. **জাতীয় আয়োডিনের অভাবজনিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী (NIDDCP):** একজন ASHA নিয়মিত গৃহপরিদর্শনের মাধ্যমে আয়োডিনের অভাবজনিত রোগ সম্পর্কে সচেতনতা গড়ে তুলবেন এবং আয়োডিন যুক্ত লবণের ব্যবহারের উপযোগীতা এবং আয়োডিনের অভাবজনিত রোগ প্রতিরোধে এর ভূমিকা নিয়ে পরামর্শদান করবেন। এছাড়া 'লবণ পরীক্ষার কিট' ব্যবহার করে প্রতি মাসে ন্যূনতম ৫০টি লবণের নমুনায় (বাড়ি পিছু একটি) আয়োডিনের মাত্রা যাচাই করে নির্দিষ্ট ব্যবস্থা নেবেন। এই সব কটি কাজ সঠিকভাবে সংশ্লিষ্ট বিভাগের নিয়মাবলী অনুযায়ী করলে একজন ASHA মাসে **২৫/- টাকা** পাবেন।

**এই উৎসাহ ভাতা কেবলমাত্র যে জেলাগুলিতে/স্বাস্থ্যজেলাগুলিতে এই কর্মসূচীটি চলছে, অর্থাৎ কুচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, মালদা, বীরভূম, রামপুরহাট, উত্তর চব্বিশ পরগণা, বসিরহাট এবং হাওড়ার ক্ষেত্রে প্রযোজ্য।**

খ.৪. **জাতীয় ক্যান্সার, ডায়াবেটিস, কার্ডিওভাসকুলার রোগসমূহ ও স্ট্রোক প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কর্মসূচী (NPCDCS):**

খ.৪.১. একজন ASHA

- ৩০ বছর বা তার বেশি বয়সী প্রত্যেক ব্যক্তির তালিকা প্রস্তুত করবেন,
- তালিকাভুক্ত প্রত্যেকটি ব্যক্তির কমুইনিটি বেসড্ অ্যাসেসমেন্ট চেক-লিস্ট (CBAC) সম্পূর্ণ করবেন, এবং
- তালিকাভুক্ত প্রত্যেকটি ব্যক্তির অসংক্রামক রোগের জন্য স্ক্রীনিং নিশ্চিত করবেন।

এই সব কটি কাজ সম্পূর্ণ করলে একজন ASHA অসংক্রামক রোগের জন্য স্ক্রীনিং হওয়া প্রতিটি ব্যক্তি পিছু **১০/- টাকা** করে পাবেন।

খ.৪.২ স্ক্রীনিং-এ উচ্চ রক্তচাপ / ডায়াবেটিস / ক্যান্সার সনাক্ত হওয়া রোগীকে চিকিৎসার আওতায় আনলে এবং পরবর্তী এক বছর পর্যন্ত তার নির্দিষ্ট চিকিৎসা পদ্ধতি মেনে চলা নিশ্চিত করতে পারলে একজন ASHA প্রতি রোগী পিছু **১০০/- টাকা** করে পাবেন।

**এই উৎসাহ ভাতা আপাতত কেবলমাত্র যে ব্লকগুলিতে ASHA-দের জাতীয় ক্যান্সার, ডায়াবেটিস, কার্ডিওভাসকুলার রোগসমূহ ও স্ট্রোক প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কর্মসূচী (NPCDCS) সংক্রান্ত নির্দিষ্ট পাঁচ দিনের প্রশিক্ষণ শেষ হয়েছে, সেখানে সংশ্লিষ্ট বিভাগের অনুমতি সাপেক্ষে প্রযোজ্য হবে।**

**গ.** **অন্যান্য উৎসাহ ভাতাঃ**

একজন ASHA অন্যান্য যে কাজের জন্য উৎসাহ ভাতা পাবেনঃ

গ.১. একজন ASHA বছরে দুইবার (ছয় মাসের ব্যবধানে) তার জন্য নির্দিষ্ট এলাকার জনসমীক্ষা করবেন। সমীক্ষায় পাওয়া পরিবারের তথ্য তিনি নির্দিষ্ট নথিতে লিপিবদ্ধ করবেন। একজন ASHA জনসমীক্ষা সম্পূর্ণ করার পরে উপস্বাস্থ্যকেন্দ্রের

এ.এন.এম-এর কাছে এই সংক্রান্ত নথির যথার্থতা যাচাই করিয়ে নেবেন। এর জন্য তিনি প্রতি জনসমীক্ষা বাবদ **৩০০/- টাকা** করে পাবেন।

এই রাজ্যের সমস্ত ASHA-রা একটি নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট বিধি অনুযায়ী নিজেদের এলাকায় জনসমীক্ষা করবেন। এই সংক্রান্ত বিস্তারিত নির্দেশবলী যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।

গ.২. একজন ASHA-কে গ্রাম স্তরে জনগোষ্ঠীর সঙ্গে মাসে ন্যূনতম ২টি আলোচনা সভা আয়োজন করতে হবে। তিনি এ.এন.এম ও অঙ্গনওয়াড়ী কর্মীর সঙ্গে কথা বলেই এই আলোচনা সভার স্থান ও আলোচনার বিষয়বস্তু ঠিক করবেন। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস, আউটরীচ সেশন ও গ.৩.-এ উল্লিখিত আলোচনা সভার দিনগুলি বাদ দিয়েই এই আলোচনা সভাগুলির দিন ঠিক করতে হবে। গ.৩.-এ উল্লিখিত আলোচনা সভার বিষয়বস্তুগুলি বাদ দিয়েই বিষয়বস্তু ঠিক করতে হবে। কিশোর ও কিশোরীদের সঙ্গে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য নিয়ে আলোচনাও এই আলোচনা সভাগুলির অন্তর্গত থাকবে। নিয়মানুযায়ী মাসে ন্যূনতম ২টি আলোচনা সভা আয়োজন করলে এবং সকল অংশগ্রহণকারীর স্বাক্ষর সহ সভার বিবরণ সঠিকভাবে লিপিবদ্ধ করে উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম-এর কাছে যথার্থতা যাচাই করিয়ে নিলে তবেই তিনি মাসে **১৫০/- টাকা** করে পাবেন।

গ.৩. 'MAA' কর্মসূচীর নির্দেশিকা অনুযায়ী একজন ASHA-কে গ্রাম স্তরে গর্ভবতী মহিলা ও দুই বছর বয়স অবধি শিশুদের মায়েদের তালিকা তৈরি করে তাদেরকে নিয়ে মাসে ন্যূনতম ২-৩টি আলোচনা সভা এবং প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম ৬-৮টি আলোচনা সভা আয়োজন করতে হবে। একটি ত্রৈমাসিকের মধ্যে ASHA-কে তার এলাকার সমস্ত গর্ভবতী ও প্রসূতি মহিলাদের এই আলোচনা সভাগুলির অন্তর্ভুক্ত করতে হবে। তিনি এ.এন.এম ও অঙ্গনওয়াড়ী কর্মীর সঙ্গে কথা বলেই এই আলোচনা সভার স্থান ও আলোচনার বিষয়বস্তু ঠিক করবেন। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস, আউটরীচ সেশন ও গ.২.-এ উল্লিখিত আলোচনা সভার দিনগুলি বাদ দিয়েই এই আলোচনা সভাগুলির দিন ঠিক করতে হবে। নিয়মানুযায়ী একটি ত্রৈমাসিকে ন্যূনতম আলোচনা সভাগুলি আয়োজন করলে এবং সকল অংশগ্রহণকারীর স্বাক্ষর সহ সভার বিবরণ সঠিকভাবে লিপিবদ্ধ করে উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম-এর কাছে যথার্থতা যাচাই করিয়ে নিলে তবেই তিনি একটি ত্রৈমাসিকে **১০০/- টাকা** করে পাবেন।

গ.৪. উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম তার আওতাভুক্ত সমস্ত ASHA-দের নিয়ে মাসের তৃতীয় শনিবার (তৃতীয় শনিবার ২০ তারিখ বা তার আগে পড়লে ২০ তারিখের পরবর্তী প্রথম কাজের দিন যেদিন উপস্বাস্থ্যকেন্দ্র খোলা থাকবে) উপস্বাস্থ্যকেন্দ্রে মিটিং এ বসবেন। এই মিটিং এ প্রত্যেক ASHA উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম-এর সঙ্গে তার মাসিক কাজের (পূর্ববর্তী মাসের ২১ তারিখ থেকে বর্তমান মাসের ২০ তারিখ পর্যন্ত) তথ্য বিনিময় করবেন। তিনি জনসাধারণকে প্রয়োজনমতো দেওয়ার জন্য যে সকল ওষুধপত্র সঙ্গে রাখেন, তার নিয়মিত হিসাব রাখার জন্য একটি তথ্যপঞ্জী ব্যবহার করবেন এবং মাসিক রিপোর্টের সঙ্গে জমা দেবেন। উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম ASHA-দের ওষুধপত্র সংক্রান্ত তথ্যপঞ্জীর যথার্থতা যাচাই করবেন ও ASHA দের কাজ খতিয়ে দেখে তাদের মাসিক উৎসাহ ভাতার পরিমাণ নির্ণয় করবেন। এই মিটিং এ উপস্থিতির জন্য একজন ASHA মাসে **১৫০/- টাকা** পাবেন।

**উৎসাহ ভাতা দেওয়া ও সংশ্লিষ্ট রিপোর্টিং এর পদ্ধতিঃ**

১. প্রত্যেক ASHA-কে মাসিক ভিত্তিতে প্রাপ্য উৎসাহ ভাতা দেওয়া হবে। একজন ASHA-র মাসিক রিপোর্টের সময়সীমা হল একটি মাসের ২১ তারিখ থেকে পরবর্তী মাসের ২০ তারিখ।

২. উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম তার আওতাভূক্ত সমস্ত ASHA-দের নিয়ে মাসের তৃতীয় শনিবার (তৃতীয় শনিবার ২০ তারিখ বা তার আগে পড়লে ২০ তারিখের পরবর্তী প্রথম কাজের দিন যেদিন উপস্বাস্থ্যকেন্দ্র খোলা থাকবে) উপস্বাস্থ্যকেন্দ্রে মিটিং এ বসবেন এবং ASHA-দের কাজ খতিয়ে দেখে তাদের মাসিক উৎসাহ ভাতার পরিমাণ নির্ণয় করবেন। তিনি প্রত্যেক ASHA-র জন্য নির্দিষ্ট উৎসাহ ভাতা প্রদান পত্রের তিনটি কপিতে প্রাপ্য উৎসাহ ভাতা সহ অন্যান্য তথ্য পূরণ করে নিজে সই করবেন। এর একটি কপি তিনি মাসিক চতুর্থ শনিবারের আলোচনা সভায় গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সুপারভাইজরের কাছে জমা দেবেন। যে উপস্বাস্থ্যকেন্দ্রে কোন এ.এন.এম নেই, সেখানে সেকেন্ড এ.এন.এম বা গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সুপারভাইজর এই কাজের দায়িত্বে থাকবেন। যিনিই এই কাজটি করবেন, তিনি ASHA-দের জমা দেওয়া উৎসাহ ভাতা প্রদান পত্রগুলি উপস্বাস্থ্যকেন্দ্রের মাসিক রিপোর্টের সঙ্গে যাচাই করে নেবেন এবং প্রয়োজনমত সংশোধন করবেন। উৎসাহ ভাতা প্রদান পত্রের একটি কপি ASHA নিজের কাছে রেখে দেবেন ভাতার পরিমাণ মিলিয়ে দেখার জন্য।

৩. গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সুপারভাইজর তার কাছে জমা পড়া প্রত্যেকটি উৎসাহ ভাতা প্রদান পত্র খতিয়ে দেখে এবং প্রয়োজনমত সংশোধন করে নিজে তার উপর সই করবেন এবং পরবর্তী মাসের প্রথম শনিবারের আলোচনা সভায় (এম.আই.এস. মিটিং) সংশ্লিষ্ট ব্লকের ব্লক অ্যাকাউন্টস্ ম্যানেজারের কাছে জমা দেবেন।

৪. ব্লক স্বাস্থ্য আধিকারিকের (বি.এম.ও.এইচ.) তত্ত্বাবধানে বি.পি.এইচ.এন. অথবা পি.এইচ.এন., ব্লক প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA)-র সাহায্যে গ্রাম পঞ্চায়েত ভিত্তিক সুপারভাইজরদের জমা দেওয়া ASHA-দের উৎসাহ ভাতা প্রদান পত্রগুলি ব্লকের মাসিক রিপোর্টের সঙ্গে যাচাই করে নেবেন এবং প্রয়োজনমত সংশোধন করে নিজে তার উপর সই করবেন।

৫. ASHA-দের উৎসাহ ভাতা প্রদান পত্রগুলি যাচাইয়ের পর ব্লক স্বাস্থ্য আধিকারিকের (বি.এম.ও.এইচ.) তত্ত্বাবধানে ব্লক অ্যাকাউন্টস্ ম্যানেজার ASHA-দের প্রাপ্য মাসিক উৎসাহ ভাতা দেওয়ার দায়িত্বে থাকবেন।

৬. প্রত্যেক ASHA-র প্রাপ্য মাসিক উৎসাহ ভাতা সরাসরি তার ব্যাঙ্কের অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হবে। প্রত্যেক মাসে ব্লক অ্যাকাউন্টস্ ম্যানেজার ভাতা প্রদান তালিকা (Payment Roll) তৈরি করবেন এবং ব্যাঙ্ককে নির্দেশ দেবেন যাতে সেটা অনুযায়ী প্রত্যেক ASHA-র মাসিক উৎসাহ ভাতা দেওয়া হয়।

৭. প্রত্যেক ASHA তার কাছে থাকা উৎসাহ ভাতা প্রদান পত্রের কপিটির সঙ্গে প্রাপ্ত উৎসাহ ভাতার পরিমাণ মিলিয়ে নেবেন। পরিমাণে পার্থক্য থাকলে ASHA সংশ্লিষ্ট এ.এন.এম-এর কাছ থেকে তার কারণ বুঝে নেবেন।

৮. প্রত্যেক মাসে ব্লক স্বাস্থ্য আধিকারিকের (বি.এম.ও.এইচ.) তত্ত্বাবধানে ব্লক প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA)-রা এক্সেকিউটিভ অ্যাসিস্ট্যান্ট (BPMU)-দের সহায়তায়,

- প্রতি উপস্বাস্থ্যকেন্দ্রে প্রত্যেক ASHA কত কাজ করেছেন এবং কত উৎসাহ ভাতা পাচ্ছেন তার তালিকা এম.এস. এক্সেল্-এ একটি নির্দিষ্ট বিন্যাসে ভর্তি করে জেলা স্বাস্থ্য দপ্তরে জমা দেবেন।
- ব্লকের গ্রাম পঞ্চায়েত ও উপস্বাস্থ্যকেন্দ্র পিছু ASHA-র ব্যাঙ্ক-এর নাম, অ্যাকাউন্ট নং, এবং কত মাসিক উৎসাহ ভাতা পেয়েছেন তা নির্দিষ্ট বিন্যাসে (Form BH1) ভর্তি করে জেলা স্বাস্থ্য দপ্তরে জমা দেবেন।
- ব্লকের ASHA-রা কতটা কাজ করেছেন তা নির্দিষ্ট বিন্যাসে (Form BH2) ভর্তি করে জেলা স্বাস্থ্য দপ্তরে জমা দেবেন।
- ব্লকে ASHA-দের মাসিক উৎসাহ ভাতা বাবদ 'অ্যাকাউন্টিং হেড' পিছু কত টাকা খরচা হয়েছে তা নির্দিষ্ট বিন্যাসে (Form BH3) ভর্তি করে জেলা স্বাস্থ্য দপ্তরে জমা দেবেন।

ব্লক প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA)-র অনুপস্থিতিতে ব্লক অ্যাকাউন্টস্ ম্যানেজারেরা, এক্সেকিউটিভ অ্যাসিস্ট্যান্ট (BPMU)-দের দিয়ে উপরোক্ত কাজগুলি নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী করাবেন।

৯. জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের (সি.এম.ও.এইচ.) তত্ত্বাবধানে ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA), ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস ম্যানেজার, ও ডিস্ট্রিক্ট স্ট্যাটিস্টিকাল ম্যানেজারের সাহায্যে,

- জেলার ব্লক পিছু কত ASHA কাজ করছেন, কত ASHA উৎসাহ ভাতা পাওয়ার যোগ্য, কত ASHA উৎসাহ ভাতা পেয়েছেন, উৎসাহ ভাতার পরিমাণ, এবং মাসিক উৎসাহ ভাতা বাবদ 'অ্যাকাউন্টিং হেড' পিছু কত টাকা খরচা হয়েছে নির্দিষ্ট বিন্যাসে (Form DH1) ভর্তি করে রাজ্য ASHA বিভাগে (State ASHA Cell) পাঠাবেন।
- জেলার ASHA-রা কতটা কাজ করেছেন তা নির্দিষ্ট বিন্যাসে (Form DH2) ভর্তি করে রাজ্য ASHA বিভাগে (State ASHA Cell) পাঠাবেন।
- ব্লক থেকে পাওয়া কম্পুটার নির্মিত এম.এস. এক্সেল্ কপি (soft copy in MS Excel), যাতে উপস্বাস্থ্যকেন্দ্র প্রতি প্রত্যেক ASHA-র মাসিক কাজের হিসাব ও প্রাপ্ত উৎসাহ ভাতার পরিমাণ আছে, সেটি রাজ্য ASHA বিভাগে (State ASHA Cell) পাঠাবেন।

ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA)-র অনুপস্থিতিতে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দ্বারা ভারপ্রাপ্ত ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কোওর্ডিনেটর (ASHA) উপরোক্ত কাজগুলি নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী করবেন।

১০. খরচের হিসাব (SOE এবং UC) বর্তমানে যে পদ্ধতিতে প্রত্যেক ব্লক থেকে জেলা স্তর হয়ে রাজ্য স্তরে আসছে, সেই পদ্ধতিই বহাল থাকবে।

**ASHA-দের উৎসাহ ভাতা সংক্রান্ত নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয়গুলি অবশ্যই মেনে চলতে হবেঃ**

১. 'ক' বিভাগের সমস্ত এবং 'গ' বিভাগের কয়েকটি কাজের জন্য একজন ASHA, রাজ্য ASHA বিভাগের (State ASHA Cell) নির্দেশিকা অনুযায়ী, নির্ধারিত জেলা প্রশিক্ষণ কেন্দ্রে পর্যায়ক্রমে প্রশিক্ষণ পাবেন।

২. 'খ' বিভাগে উল্লিখিত যে সকল জনস্বাস্থ্য বিষয়ক কাজের কথা বলা হয়েছে, তার জন্য একজন ASHA পর্যায়ক্রমে সংশ্লিষ্ট স্বাস্থ্য বিভাগ থেকে বিস্তারিত প্রশিক্ষণ পাবেন। এই বিস্তারিত প্রশিক্ষণ বাধ্যতামূলক ভাবে পাওয়ার পরেই তিনি 'খ' বিভাগে উল্লিখিত জনস্বাস্থ্য বিষয়ক কাজগুলিতে অংশগ্রহণ করবেন। এই বাধ্যতামূলক বিস্তারিত প্রশিক্ষণ শেষে তিনি সংশ্লিষ্ট স্বাস্থ্য বিভাগ থেকে শংসাপত্র পাবেন যার থেকে প্রমাণিত হবে যে তিনি 'খ' বিভাগে উল্লিখিত জনস্বাস্থ্য বিষয়ক কাজগুলির জন্য নির্দিষ্ট দক্ষতা অর্জন করেছেন।

৩. 'ক' এবং 'খ' বিভাগে উল্লিখিত কাজগুলির জন্য একজন ASHA তার এলাকায় নিয়মিত গৃহ পরিদর্শন করবেন। তিনি তার এলাকায় পিছিয়ে থাকা পরিবারগুলি এবং প্রত্যন্ত এলাকায় বসবাসকারী পরিবারগুলিকে গুরুত্ব দিয়ে নিয়মিত পরিদর্শন করবেন। যে সকল বাড়িতে গর্ভবতী মহিলা, নবজাতক, ২ বছরের অনূর্ধ্ব শিশু, অসুস্থ শিশু, সদ্য বিবাহিত দম্পতি, এবং অন্যান্য সক্ষম দম্পতি রয়েছেন, সেই সকল বাড়িকে তিনি অগ্রাধিকার দেবেন। এই পরিদর্শনের সময় তিনি অসুস্থদের চিহ্নিত করে দ্রুত নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করবেন। **একজন ASHA যাকে স্বাস্থ্যকেন্দ্রে পাঠাবেন তাকে অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসা করতে হবে এবং দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।**

৪. যে সকল ক্ষেত্রে একজন ASHA গর্ভবতী মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে এসে ভর্তি করবেন, সেই ক্ষেত্রে নির্দিষ্ট ফর্মের চারটি কপিতেই সেই স্বাস্থ্যকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক স্বাক্ষর করবেন। **একজন ASHA যে সকল গর্ভবতী মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসবেন, তাদের অগ্রাধিকার দিতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।**

৫. প্রত্যেক মাসে, নির্দিষ্ট উৎসাহ ভাতা প্রদান পত্রে ASHA-রা যে সকল কাজ করেছেন বলে উল্লেখ করবেন, ব্লক থেকে উৎসাহ ভাতা দেওয়ার আগে, পর্যায়ক্রমে, সরকারী নির্দেশিকা (মেমো নং – HFW/NHM/20/06/2099 তারিখ ২৩শে সেপ্টেম্বর, ২০১১) অনুসারে যাচাই করে দেখতে হবে।

৬. জেলা থেকে প্রত্যেক মাসের নির্দিষ্ট সমস্ত রিপোর্ট ত্রুটিমুক্ত, সঠিক বিন্যাসে, ও সঠিক সময়ে রাজ্য ASHA বিভাগে (State ASHA Cell) না এলে, পরের দফায় ASHA-দের উৎসাহ ভাতার টাকা জেলায় ছাড়া হবে না।

সৌমিত্র মোহন

ডাঃ সৌমিত্র মোহন, IAS
মিশন ডাইরেক্টর, জাতীয় স্বাস্থ্য মিশন ও
সেক্রেটারি, পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর
জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন
স্বাস্থ্যসাথী
জিএন ২৯, সেক্টর-৫, সল্টলেক,
কলকাতা-৭০০০৯১

মেমো নং: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/ 1728 তারিখঃ 17/06/2021

**বিষয়ঃ জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে ASHA-দের জন্য অনুমোদিত উৎসাহ ভাতা সমূহ**

২০২১-২০২২ আর্থিক বছরে একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ক যে সকল কাজ করবেন সেই কাজগুলি হলঃ

১) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাকে গর্ভাবস্থার ১২ সপ্তাহের মধ্যে উপস্বাস্থ্যকেন্দ্রে অথবা গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসে এ.এন.এম-এর কাছে নাম নথিভুক্তকরণে সাহায্য করবেন। ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করা, জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলা, সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা পেলে এবং তার প্রাতিষ্ঠানিক প্রসব হলে, ASHA ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্তকরণের জন্য **১০০/- টাকা** পাবেন।

২) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন নথিভুক্ত গর্ভবতী মহিলা যাতে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা *(ন্যূনতম ৪টি গর্ভকালীন পরীক্ষা, ১৮০টি আয়রন ও ফলিক অ্যাসিড বড়ি, টিটেনাস ডিপথেরিয়া ইনজেক্শন (২টি অথবা বুস্টার), রক্ত পরীক্ষা, মূত্র পরীক্ষা)* পান সেটা সুনিশ্চিত করবেন। জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন, এমন যে সকল মহিলা ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করিয়েছিলেন, তাদের ক্ষেত্রে ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করতে পারলে, প্রতি মহিলা পিছু **২০০/- টাকা** করে পাবেন। ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে এই সম্পূর্ণ পরিষেবা প্রদান করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

যদি কোনো ১২ সপ্তাহের মধ্যে নাম নথিভুক্ত করানো গর্ভবতী মহিলা ৩য় *গর্ভকালীন পরীক্ষার* পরে তার এলাকা ছেড়ে অন্য কোনো ASHA-র এলাকায় চলে যান এবং সেখানে তার চতুর্থ *গর্ভকালীন পরীক্ষা* হয়, তাহলে যে ASHA-র সাহায্যে তিনি প্রথম তিনটি *গর্ভকালীন পরীক্ষা* করিয়েছিলেন, সেই ASHA সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত করবার জন্য নির্দিষ্ট উৎসাহভাতা পাবেন। এক্ষেত্রে প্রামাণ্য নথি থেকে সম্পূর্ণ গর্ভকালীন পরিষেবা সুনিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৩) একজন ASHA জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে [Community based Delivery Centre (CDC)] গিয়ে ভর্তির ব্যবস্থা করবেন। এর জন্য তার সহায়তায় হওয়া প্রতি প্রাতিষ্ঠানিক প্রসব পিছু তিনি **৩০০/- টাকা** করে পাবেন। এ ক্ষেত্রে মনে রাখতে হবে,

১) এটি কেবলমাত্র সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) হওয়া প্রসবের ক্ষেত্রে প্রযোজ্য।

২) ডিসচার্জ সার্টিফিকেট বা অন্য কোনো প্রামাণ্য নথি থেকে প্রসব হয়েছে নিশ্চিত হলে তবেই ASHA এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৩) ASHA-র সঙ্গে আসা গর্ভবতী মহিলাকে অন্য কোনো স্বাস্থ্যকেন্দ্রে রেফার করা হলে ASHA-র তার সঙ্গে যাওয়া বাধ্যতামূলক নয়। সেই ক্ষেত্রে ASHA প্রথম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়ার প্রামাণ্য নথির (ফর্ম ৪) সঙ্গে সেই গর্ভবতী মহিলার সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) প্রাতিষ্ঠানিক প্রসব হয়েছে তার প্রামাণ্য নথি জমা দিলে তবেই এই উৎসাহভাতার জন্য বিবেচিত হবেন।

৪) ASHA তার নির্দিষ্ট এলাকায় বাইরে থেকে আসা কোনো গর্ভবতী মহিলাকে সঙ্গে নিয়ে প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) গিয়ে ভর্তির ব্যবস্থা করলে এই সংক্রান্ত উৎসাহভাতা পাবেন।

**একজন ASHA যে সকল গর্ভবতী মহিলাকে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসবেন, তাদের অগ্রাধিকার দিতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।** যে সকল ক্ষেত্রে একজন ASHA গর্ভবতী মহিলাকে সরকারী স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত 'আয়ুষ্মতী' প্রকল্পের অন্তর্গত স্বাস্থ্যকেন্দ্রে বা সরকার অনুমোদিত জনগোষ্ঠী ভিত্তিক প্রসব কেন্দ্রে (CDC) নিয়ে এসে ভর্তি করবেন, সেই ক্ষেত্রে নির্দিষ্ট ফর্মের (ফর্ম ৪এ) চারটি কপিতেই গর্ভবতী মহিলার পরিবারের যে কোনো সদস্য এবং সেই স্বাস্থ্যকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক বা তার অনুমোদিত প্রতিনিধি স্বাক্ষর করবেন। তারপর সেই ফর্মের একটি কপি থাকবে সেই স্বাস্থ্যকেন্দ্রে, এবং বাকি তিনটি কপি **ASHA-র** মাসিক রিপোর্টের তিনটি কপির সঙ্গে সংযুক্ত হবে।

জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত নন এমন গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে এই কাজগুলির মাসিক রিপোর্টিং-এর জন্য ASHA-দের "ফর্ম ১এ" ব্যবহার করতে হবে।

উপরোক্ত নির্দেশিকাটি ২১.০৬.২১ থেকে কার্যকরী হবে।

সৌমিত্র মোহন

ডাঃ সৌমিত্র মোহন, IAS
**মিশন ডাইরেক্টর, জাতীয় স্বাস্থ্য মিশন ও**
**সেক্রেটারি, পশ্চিমবঙ্গ সরকার**

মেমো নং: HFW-27011/386/2018-NHM SEC-Dept. of H&FW/ 1728 1-(79) তারিখঃ 17/06/2021

জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দ্যেশ্যে দেওয়া হলঃ

1. Jt. DHS, NCD - with a request to circulate copies to all concerned
2. SFWO & Jt. DHS - with a request to circulate copies to all members of SFWB
3. DDHS, Malaria - with a request to circulate copies to all concerned
4. DDHS, Leprosy & SLO - with a request to circulate copies to all concerned
5. ADHS, Food Safety
6. Sr. Accounts Officer, NHM

7-33. Deputy CMOH-III – All Districts

34-60. DPHNO - All Districts

61. Assistant Director, CINI STC

62-77. Secretary/Director, ______________________________________ DTCs

78. In-charge, IT Cell for web posting

79. Office Copy for State ASHA Cell

সৌমিত্র মোহন

ডাঃ সৌমিত্র মোহন, IAS
মিশন ডাইরেক্টর, জাতীয় স্বাস্থ্য মিশন ও
সেক্রেটারি, পশ্চিমবঙ্গ সরকার